



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজরোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/মুন্সীগঞ্জ-১৫

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১  
২৪ এপ্রিল ২০২৪

**বিষয়ঃ রিট পিটিশন নং-১৩০৬২/২০২৩ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর ২২.০৮.২০২৩ খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে**

- সূত্র: ১। মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৭৭২/৪/মুন্সীগঞ্জ-০৮; তারিখ: ০৪.০৩.২০২১ খ্রি.  
২। মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশা/৭৯৪/২/মুন্সীগঞ্জ-০৮; তারিখ: ১৭.১০.২০২১ খ্রি.  
৩। মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১০১১; তারিখ: ২৭ মার্চ ২০২৪ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসার সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম দায়িত্ব পালনে বাধা প্রদান ও বেতন ভাতা প্রাপ্তির বিষয়ে অভিযোগ দাখিল করেছেন এবং একই বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৩০৬২/২০২৩ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট উক্ত শিক্ষকের ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে নির্দেশ প্রদান করেন।

ইতিপূর্বে সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন ৩৬৫৭/২০১৫ এর রায়ের আলোকে সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র জারির পর থেকে তিনি স্ব-পদে দায়িত্ব পালন করবেন জানিয়ে পত্র দেয়া হয়। পরবর্তীতে বোর্ড কর্তৃক প্রেরিত সূত্রোক্ত ০১ নং স্মারকের আলোকে সুপার ও সভাপতি উক্ত শিক্ষককে মাদ্রাসায় স্বপদে যোগদান করতে দেননি মর্মে আবেদন করেন। বোর্ডের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় অনুমোদিত কমিটি কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব ১০ (দশ) দিন সময় দিয়ে সূত্রোক্ত ০২ নং স্মারকে সুপার ও সভাপতিকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সুপার ও সভাপতি কোন জবাব দাখিল করেননি। তবে সুপারের ২৩.০১.২০২৪ খ্রি. তারিখের (ম্যানেজিং কমিটি অনুমোদন বিষয়ে) আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায়, গত ০২.১২.২০২১ খ্রি. তারিখে অভিযোগকারী সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম স্ব-পদে যোগদান করেন এবং ০৯.১২.২০২১ খ্রি. তারিখের রেজুলেশনে তা অনুমোদন করা হয় মর্মে দেখা যায়। এছাড়াও জনাব মোঃ আজাদুল ইসলাম, পিতাঃ আবদুর রহমান বাসাইল উচ্চ বিদ্যালয়ের খন্ডকালীন সহকারি শিক্ষক (গণিত) পদে গত ২৫.০৫.২০২২ খ্রি. তারিখের নিয়োগপত্র পাওয়া যায়।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট এর নির্দেশনা মোতাবেক অভিযোগকারী সহকারি শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য সুপারের ২৩.০১.২০২৪ খ্রি. তারিখের (ম্যানেজিং কমিটি অনুমোদন বিষয়ে) আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র এবং অভিযোগকারীর অভিযোগ বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে উভয় পক্ষের শুনানী গ্রহণ করার জন্য গত ০২.০৪.২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে সুপার এবং সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আজাদুল ইসলাম-কে পত্র প্রেরণ করা হয়।

দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আজাদুল ইসলাম-কে নিজেদের দ্বন্দের কারণে মাদ্রাসায় দায়িত্ব পালনা থেকে বিরত রাখা হয়েছে। বর্ণিত অবস্থায়, জনাব মোঃ আজাদুল ইসলাম পত্র জারির পর থেকে তিনি স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৪.০৪.২০২৪

(প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসা,  
পো: শেখের নগর, উপজেলা: সিরাজদিখান, জেলা: মুন্সীগঞ্জ।


২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসা,  
পো: শেখের নগর, উপজেলা: সিরাজদিখান, জেলা: মুন্সীগঞ্জ।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/মুন্সীগঞ্জ-১৫

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১  
২৪ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
৪. জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
৬. জনাব মোঃ হুমায়ুন কবির, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫০৯৪, (৪র্থ তলা), ইব্রাহিম মেনশন, ১১, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
৭. জনাব মোঃ আজাদুল ইসলাম, সহকারি শিক্ষক (গণিত), হযরতপুর আহমদীয়া দাখিল মাদ্রাসা, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;
৮. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
২৪/০৪/২৪

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd